

২৩। মূল্য সংযোজন কর কর্মকর্তাগণের দায়িত্ব অন্য কর্মকর্তাগণের উপর ন্যস্তকরণ।— বোর্ড সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, শর্ত সাপেক্ষে বা বিনা শর্তে, এই আইনের অধীন কোন মূল্য সংযোজন কর কর্মকর্তার যে কোন দায়িত্ব অন্য কোন সরকারী কর্মকর্তার উপর অর্পণ করিতে পারিবে।